ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের জীবনানাশক স্প্রে‘র

মেহেরপুর শহরের শেখপাড়া ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এলাকায় জীবনানাশক স্প্রে‘র উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে ক্লাব প্রাঙ্গণ এলাকা থেকে স্প্রে করন কাজের উদ্বোধন করা হয়। ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের সভাপতি মলিন খান উপস্থিত থেকে স্প্রে করন কাজের উদ্বোধন করেন।

এ সময় সাধারণ সম্পাদক ও ৪নং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফাহাদ খান,পৌরসভার সাবেক কমিশনার মেজবাহউদ্দিন মেঘা সহ ক্লাবের অন্যান্য সদস্যগণ সেখানে উপস্থিত ছিলেন।

গাংনী পৌরসভার ওয়ার্ড কাউন্সিলরের খাদ্য সহায়তা

দরিদ্র পরিবারগুলোতে খাদ্য সহায়তা দিলেন গাংনী পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলাম। আজ শনিবার রাতে তিনি দাসপাড়ায় ৪০টি পরিবারে চাল, ডাল, আলু, পেঁয়াজ ও কাঁচা মরিচ প্রদান করেন।

দরিদ্র কর্মজীবী এসব মানুষ ঘরে বসে সময় কাটাচ্ছে করোনা ভাইরাস সতর্কতায়। তাদের পাশে মানবতার হাত বাড়িয়ে দিয়েছেন কাউন্সিলর সাহিদুল ইসলাম।

এ বিষয়ে তিনি বলেন, আমার ওয়ার্ডের যারা দরিদ্র তারা যাতে খাওয়ার কষ্ট না করে সেজন্য নিজ থেকে খাদ্য সহায়তা দিচ্ছি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে নির্দেমনা দিয়েছেন তা বাস্তবায়নের মধ্য দিয়ে করোনা ভাইরাস মুক্ত হবো আমরা।

তাই সামাজিক দূরত্ব নিশ্চিত করতে এসব গরিব বাজারে কাজে যাচ্ছে না। তাদেরকে সাধ্যমতো সহায়তা করা হবে।

গাংনী পৌরসভার উদ্যোগে করোনা বিস্তার প্রতিরোধে ব্লিচিং মিশ্রিত পানি ছিটানো উদ্বোধন

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে করোনা বিস্তার প্রতিরোধে ব্লিচিং মিশ্রিত পানি ছিটানোর উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ সাহিদুজ্জামান খোকন উপস্থিত থেকে এ পানি ছিটানোর কাজের উদ্বোধন করেন। এসময় পৌর মেয়র আশরাফুল ইসলাম উপস্থিত ছিলেন।

উদ্বোধন কালে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এমপি সাহিদুজ্জামান খোকন জনগণের উদ্দেশ্যে বলেন, আপনাদের নিরাপত্তার কথা ভেবে আমরা বিভিন্ন সময় বিভিন্ন পরামর্শ সহ নানান কাজ করে যাচ্ছি। আপনারা এ রোগ থেকে নিজেকে ও আপনজনদের রক্ষা করতে সচেতন হোন। জনসমাগম একেবারে এড়িয়ে চলুন।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গাংনীর যে সাপ্তাহিক হাটে আজ মানুষের সমাগম লক্ষ করা গেছে তা রিতিমত অত্যান্ত ঝুঁকি পূর্ণ। মানুষকে এতকিছু বলার পরও তাদের হুশ হয়না কেন আমার বোধগম্য নয়।

তিনি বলেন, আমরা বামন্দীর বড় গরুর হাট বন্ধ করে দিয়েছি জনগণকে এ করোনা ভাইরাস থেকে রক্ষা করার জন্য। করোনা ভাইরাস বিস্তার যাতে না করতে পারে প্রতিদিন মাইকে সব এলাকায় সচেতনতামূলোক প্রচারণা চালিয়ে যাওয়া হচ্ছে।

তারপরও অনেকে তাতে কর্নপাত করছেননা এটা দূঃখজনক। গাংনীর হাট

যেহেতু ঝুকিপূর্ণ তাই আগামীতে যাতে জনসমাগম না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

এ সময় স্থানীয় নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দুই ব্যবসায়ীর জরিমানা

দামৃড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভ্রাম্যামাণ আদালত পরিচালনা করে দুই ব্যবসায়ীর কাছ থেকে ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আজ শনিবার দুপুর ১২ টায় চুুুয়াডাঙ্গা জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট সজন আহমেদের নেতৃত্বে কার্পাসডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে এই জরিমানা করেন।

অভিযানকালে বিশুদ্ধ খাদ্য আইনের সরকারি অধ্যাদেশ ২০০৯ ধারায় বদরুজ্জামান বদুর মুদি দোকানে ৩ হাজার ও আব্দুল হাই সিদ্দিকীর গাউছিয়া ফাস্ট ফুড এণ্ড মুদি দোকানে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এ সময় অভিযানে ম্যাজিস্ট্রেট কে সহায়তা প্রদান করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এসআই মেজবাহুর রহমান সহ জেলা পুলিশের সদস্যরা।

মেহেরপুরের গাংনীতে টিসিবির

কেন্দ্র থেকে ন্যায্যমূল্যে মালামাল বিক্রি

মেহেরপুরের গাংনীতে টিসিবির কেন্দ্র থেকে ন্যায্যমূল্যে মালামাল বিক্রয় শুরু হয়েছে। আজ বিকালে উপজেলা পরিষদ চত্বরে সহকারী কমিশনার (ভূমি) এ মালামাল বিক্রয়ের উদ্বোধন ঘোষণা করেন।

এখানে উপস্থিত জনগণ সর্বোচ্চ ৬ কেজি তেল, ১ কেজি ডাল ও ১ কেজি ক্রয় করতে পারবে। তেলের প্রতি কেজি মূল্য ৮০ টাকা, ডাল প্রতি কেজি ৫০ টাকা এবং চিনি প্রতি কেজি ৫০ টাকা হিসাবে ক্রয় করতে পারবে।

উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত জনগণ দীর্ঘক্ষন লাইনে দাঁড়িয়ে ক্রমান্বয়ে এ মালামাল ক্রয় করেন। এ সময় উপজেলা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীগণ এবং গাংনী থানা পুলিশের একটি বিশেষ টিম এ বিক্রয় কাজে সহযোগিতা করেন।

মেহেরপুরে খাদ্য ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন ফরহাদ হোসেন

মেহেরপুরে অসহায় দরিদ্র মানুষদের খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

শনিবার বিকালে ফরহাদ হোসেন তার নিজ ফেসবুক পেজে এ বিষয়ে একটি ফেসবুক স্ট্যাটাস দেন।

জন প্রশাসন প্রতিমন্ত্রীর ফেসবুক পোষ্টটি তুলে ধরা হলো,

সুপ্রিয় এলাকাবাসী, আমার নির্বাচনী এলাকার কোন অসহায় দরিদ্র

মানুষের প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের জন্য যোগাযোগ করুন।

যোগাযোগ করার জন্য তিনি ৫টি মোবাইল নাস্বার দিয়েছেন,

শাহাজান সিরাজ দোলন-০১৯৮১১৭৪৩৪৩, মিজানুর রহামন হিরণ, ০১৭৬০৯৬৯০০১,আসিফ-০১৬৭১৮৮৭৩২২, কুতুব উদ্দিন-০১৯৫১২৬৭৭৩৯,ইব্রাহীম-০১৭৬৮৮৪২০৬৮।

উল্লেখ্য, গত ২৪ মার্চ সন্ধা থেকে মেহেরপুর লক ডাউন করা হয়েছে। সেই সাথে সকল মানুষকে ঘরে থাকার জন্য বলা হচ্ছে। করোনা ভাইরাস মোকাবেলায় এধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে করোনা ভাইরাস প্রতিরোধে সেনাবাহিনীর জীবাণুনাশক স্প্রে

করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনীর উদ্যোগে জীবাণুনাশক স্প্রে করা হয়েছে । শনিবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজার এলাকায় স্প্রে করা হয়।

এ সময় সেনাবাহিনীর একটি গাড়িতে করে জীবাণুনাশক স্প্রে করা হয়। জেলা প্রশাসক মোঃ আতাউল গনি, বগুড়ার ৪০ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল ফখরুদ্দীনের, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সিভিল সার্জন ডাক্তার নাসিরুদ্দিন সহ সেনাবাহিনী,পুলিশ ও ডিবির সদস্যরা প্রতারণার কাজে অংশগ্রহণ করেন। সেনাবাহিনীর পক্ষ থেকে সকলকে অযথা বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানানো হয়।

স্বেচ্ছাসেবক লীগের হ্যান্ড স্যানিটায়ইজেশন বিতরণ

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমানের উদ্যোগে করেনা ভাইরাস প্রতিরোধে হ্যান্ড স্যানিটায়ইজেশন লিকুইড বিতরণ করা হয়েছে।

শনিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর ক্লাব প্রাঙ্গণে এ সকল হ্যান্ড স্যানিটাইজেশন বিতরণ করা হয়। মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম-সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম উপস্থিত থেকে এন্ড স্যানিটাইজেশন লিকুইড বিতরণ করেন। এ সময় সেখানে বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান।

করোনা ভাইরাসে বিশ্বে আক্রান্তের সংখ্যা ৬ লাখ, মৃত্যু ২৭ হাজার ছাড়াল

করোনা বিশ্বে শনিবার পর্যন্ত করোনায় মৃতের সংখ্যা ২৭ হাজার ছাড়িয়েছে। এর বেশির ভাগ মৃত্যু হয়েছে ইটালি ও স্পেনে।

জনস হপকিন্স ইউনিভার্সিটির দেয়া তথ্য অনুযায়ী, নভেল করোনাভাইরাসে এ পর্যন্ত আক্রান্ত হয়েছেন বিশ্বের ৫ লাখ ৯৭ হাজার ৭২ জন। গত ২৪ ঘণ্টায় সংক্রমিত হয়েছেন ৬৭ হাজারেরও বেশি মানুষ।

এদের মধ্যে মারা গেছেন ২৭ হাজার ৩৬০ জন। আর চিকিৎসা নিয়ে সেরে উঠেছেন ১ লাখ ৩১ হাজার ৬৯৮ জন।

বাংলাদেশসহ বিশ্বের ১৯৯টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে প্রাণঘাতী এই

ভাইরাস।

এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্তের সংখ্যা যুক্তরাষ্ট্রে। সেখানে মোট ১ লাখের বেশি জন এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন। মৃত্যু হয়েছে এক হাজার ৭০৬ জনের।

তবে মৃতের হিসেবে শীর্ষে রয়েছে ইতালি। দেশটিতে মৃতের সংখ্যা ৯ হাজার ১৩৪। আর আক্রান্ত হয়েছেন ৮৬ হাজার ৪৯৮ জন।

মৃতের হিসাবে তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে স্পেন। দেশটিতে মৃতের সংখ্যা ৫ হাজার ১৩৮। মোট আক্রান্তের সংখ্যা ৬৫ হাজার ৭১৯।

স্পেনের পর সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে চীনে। দেশটিতে আক্রান্ত হয়েছেন ৮১ হাজার ৯৩৩ জন। এর মধ্যে তিন হাজার ১৭৭ জনের মৃত্যু হয়েছে।

বাংলাদেশে নতুন করে আরও চারজনের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে এখন পর্যন্ত শনাক্ত রোগী ৪৮ জন। সরকারি হিসাবে, মোট মৃত্যু হয়েছে ৫ জনের।

প্রসঙ্গত ২০১৯ সালের ডিসেম্বরে চীনের হুবেই প্রদেশের রাজধানী উহান থেকে ছড়িয়ে পড়ে করোনাভাইরাস। চীনে ৮০ হাজারেরও বেশি মানুষ আক্রান্ত হলেও সেখানে ভাইরাসটির প্রাদুর্ভাব কমে গেছে। তবে বিশ্বের অন্যান্য দেশে এই ভাইরাসের প্রকোপ বাড়ছে।

সূএ যুগান্তর

গাংনীতে কেমিস্ট এন্ড ড্রাগিস্ট কমিটির ঔষধের দোকান মনিটরিং

মেহেরপুরের গাংনীতে কেমিস্ট এন্ড ড্রাগিস্ট কমিটির উদ্দোগে ঔষধের দোকান মনিটটিং করা হয়েছে। শনিবার সকালে গাংনী

বাসষ্ট্যান্ডের বেশ কয়েকটি ঔষধের দোকানে নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

গাংনী কেমিস্ট এন্ড ড্রাগিস্ট কমিটির সদস্যগন এ আপদকালীণ মূহুর্তে ভোক্তাদের অধিকার বিষয়ে ব্যবসায়ীদের সচেতন করেন। কেমিস্ট এন্ড ড্রাগিস্ট কমিটি সভাপতি ও উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা জনগনের সঠিক দূরত্ব বজায় রাখা, নকল ও মেয়াদ উত্তীর্ণ ওষধ বিক্রী না করে অন্যত্র সরিয়ে ফেলা, ভোক্তাদের নিকট থেকে ঔষধের দাম বেশী না নেওয়া এবং করোনা ভাইরাস প্রতিরোধে সকল সরকারি নিয়ম নীতি মেনে চলার প্রতি গুরুত্ব আরোপ করেন।

কমিটির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম করোনা ভাইরাসের লক্ষণ গুলো তুলে ধরেণ এবং প্রতিরোধে করণীয় বিষয়ে মতামত ব্যক্ত করেন।

কমিটির সাংগঠনিক সম্পাদক এস এম খাইরুল আলম জানান এ আপদকালীণ সময়ে বিনা মূল্যে ঔষধ দিয়েও তারা গরীব অসহায় রোগীদেরকে এ কমিটির মাধ্যমে সেবা করতে চায়, এ সময় অর্থ বিষয়ক সম্পাদক শামীম আহমেদ, গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন ও সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু উপস্থিত ছিলেন